




সোয়াবের নমুনা নিন

ধাপে ধাপে নির্দেশিকা

সাহায্যের দরকার?

এই টেস্ট কিটটির ব্যাপারে আপনার কোনো প্রশ্ন বা সমস্যা থাকলে, অনুগ্রহ করে একজন কর্মীকে জানান।

1



আপনার মুখের আবরণী সরিয়ে ফেলুন। আপনার মুখের ভিতরে দেখুন এবং আপনার গলার অভ্যন্তরে অবস্থিত টনসিলগুলো খুঁজে বের করুন। খুঁজে পেতে সাহায্যের জন্য আপনি একটি আয়না ব্যবহার করতে পারেন। যেখানে আপনার টনসিল অবস্থিত বা যেখানে সেগুলো থাকার কথা (যদি সেগুলো সরিয়ে ফেলা হয়), সোয়াব ব্যবহার করে সেখান থেকে আপনি নমুনা সংগ্রহ করবেন।

2




একটি টিস্যু পেপারের উপর আস্তে করে আপনার নাক ঝেড়ে পরিষ্কার করে নিন

ব্যবহৃত টিস্যুটি বর্জ্য রাখার জন্য প্রদত্ত বিশেষ পাত্রে ফেলে দিন।

এটি এজন্য করা হয় যাতে করে আপনি আপনার নাকের অতিরিক্ত মিউকাস ফেলে দিতে পারেন।

3




আপনার হাত পরিষ্কারের জন্য হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।

হাত এজন্য পরিষ্কার করবেন যাতে করে আপনি টেস্ট কিটটি দূষিত না করেন।

4

নরম প্রান্ত




নাড়াচাড়া

আপনার সামনে একটি সিল করা একটি প্যাকে সোয়াবটি আছে কিনা সেটি দেখে নিন।

নরম, ফ্যাব্রিকের তৈরি সোয়াবের প্রান্তটি চিহ্নিত করুন।

5



প্যাকেজটি খুলুন এবং আস্তে করে সোয়াবটি বের করুন।

এই একই সোয়াব টনসিল ও নাক উভয়ের জন্যই ব্যবহার করা হবে।


গুরুত্বপূর্ণ: সোয়াবটির নরম প্রান্ত দিয়ে আপনার জিহ্বা, দাঁত, গাল, মাড়ি, বা অন্য কোনো স্থান স্পর্শ করবেন না।

এসব স্থানের কোনটিতে সোয়াবটি স্পর্শ করলে সেটি অকার্যকর হয়ে যাবে এবং সেক্ষেত্রে আপনাকে নতুন আরেকটি সোয়াব নিতে হবে। এমনটি হলে সহায়তার জন্য একজন কর্মীকে জিজ্ঞাসা করুন।

গুরুত্বপূর্ণ: সোয়াবের মাধ্যমে নমুনা সংগ্রহ করা অস্বস্তিকর লাগতে পারে। ভেতরে প্রবেশ করাতে বাধা মনে হলে বা ব্যথা অনুভব হলে সোয়াবটি আর বেশী ভেতরে প্রবেশ করানোর চেষ্টা করবেন না।

সোয়াবের নমুনাতে যদি রক্ত বা বমির চিহ্ন দেখা যায় তাহলে অনুগ্রহ করে সেটি একজন কর্মীর নজরে আনুন।

6



দুই আঙ্গুল দিয়ে সোয়াবটি চেপে ধরে ভালোভাবে আপনার মুখ খুলুন এবং সোয়াবের নরম প্রান্তটি দুটি টনসিলের উপর (বা যেখানে সেগুলো থাকার কথা) ঘষতে থাকুন। টনসিলের সাথে সোয়াবটি ভালোভাবে লাগিয়ে উভয় পার্শ্বে 4 বার ঘষুন (এজন্য আপনার সাহায্যের জন্য একটি আয়না ব্যবহার করুন)।

আপনার গলা থেকে সতর্কতার সাথে সোয়াবের কাঠিটি বের করুন।

7



এই একই সোয়াব যতক্ষণ না পর্যন্ত আপনি কিছুটা বাধা অনুভব না করেন আপনার নাকের মধ্যে আলতো করে ঢুকান (আপনার নাকের উপর বরাবর প্রায় 2.5সেন্টি মিটার বা 1 ইঞ্চি পর্যন্ত)

নাকের ভেতরে ভালোভাবে সোয়াবটি ঘুরান, পুরো 10 বার ঘোরাবেন এবং এর পর আস্তে আস্তে সেটি বের করুন।

গুরুত্বপূর্ণ: নমুনাটি সংগ্রহের পর সোয়াবটির মাথা উপরের দিকে রেখে সেটি হাত দিয়ে ধরে রাখুন, এটি কোথাও রাখবেন না এবং একজন টেস্টিং অ্যাসিস্ট্যান্টকে জানান।

কোন কিছুর সাথে সোয়াবটি যেন স্পর্শ না করে সেটি খেয়াল রাখবেন।

আপনার মুখের আবরণী পরে ফেলুন।

এর পর আপনার করণীয় কী সে ব্যাপারে একজন কর্মীর নির্দেশনা মেনে চলুন।

আপনার নমুনাটি জমা দেওয়ার পর হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করুন।